



# পশ্চিমবঙ্গ পরিবহন শ্রমিকের সামাজিক সুরক্ষা প্রকল্প

আপনি কি একজন পরিবহন শ্রমিক ?

আপনি কি কোনো বাস, ট্যাক্সি, লাক্সারি ট্যাক্সি, ভ্যান, অটোরিক্সা, টেম্পো, লরি, ট্রাক ইত্যাদি গাড়িতে ড্রাইভার, কন্ডাক্টর, খালাসী, ক্লীনার, টাইম কীপার বা কোনো পরিবহন সংস্থায় লোডিং আনলোডিংয়ে নিযুক্ত কর্মী? তাহলে এই প্রকল্পে নাম নথিভুক্ত করুন ও নিম্নলিখিত সুবিধাগুলি উপলব্ধ করুন।

## ১। পেনশন ও পারিবারিক পেনশন

- পেনশন (৬০ বছর বয়সের পরে ও ন্যূনতম ৫ বছর নথিভুক্ত থাকার পর)-ন্যূনতম মাসিক ৭৫০ টাকা হারে।
- পারিবারিক পেনশন (শ্রমিক মারা গেলে)-ন্যূনতম মাসিক ৩৭৫ টাকা হারে
- দুর্ঘটনা হেতু চিরস্থায়ী প্রতিবন্ধকতার ক্ষেত্রে ৬০ বছর বয়সের আগেই পেনশন



## ২। নথিভুক্ত শ্রমিক মারা গেলে পরিবারকে সহায়তা

- স্বাভাবিক মৃত্যুতে ৫০,০০০ টাকা
- দুর্ঘটনা হেতু মৃত্যুতে ১,৫০,০০০ টাকা
- অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য আরো ৩,০০০ টাকা

## ৩। নথিভুক্ত শ্রমিকের সদস্যদের শিক্ষাখাতে সহায়তা

- উচ্চমাধ্যমিক স্তরে পড়ার জন্য ৪০০০ টাকা
- স্নাতক স্তরে পড়ার জন্য ৬০০০ টাকা
- স্নাতকোত্তর স্তরে পড়ার জন্য ৮০০০ টাকা
- ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং ও বিজনেস ম্যানেজমেন্ট পড়ার জন্য ৩০,০০০ টাকা







#### ৪। নথিভুক্ত শ্রমিক ও তাঁর পরিবারের সদস্যদের চিকিৎসা খাতে সহায়তা

- ক্যান্সার, কুষ্ঠ, হৃদরোগ, মস্তিষ্কের স্ট্রোক, কিডনির অসুখ, শিরার অসুখ (Varicose Vein), চক্ষু অপারেশন ও থ্যালাসেমিয়ার জন্য বছরে ২০,০০০ টাকা পর্যন্ত
- ওইসব অসুখে অপারেশন হলে বছরে আরো ৬০,০০০ টাকা পর্যন্ত
- যক্ষা (টি.বি.) রোগের জন্য বছরে ৬,০০০ টাকা

#### ৫। দুর্ঘটনা হেতু হাসপাতালে ভর্তি থাকলে সহায়তা

পাঁচ বা তার বেশী দিন ভর্তি থাকলে ২০০০ টাকা থেকে ১০,০০০ টাকা পর্যন্ত

#### ৬। চশমা ও চোখ পরীক্ষার জন্য সহায়তা

প্রতি পাঁচ বছরে ৫০০ টাকা পর্যন্ত ও ড্রাইভারদের চোখ পরীক্ষার জন্য প্রতি দুই বছরে ৩০০ টাকা পর্যন্ত

#### ৭। নথিভুক্ত শ্রমিকের নিজের বা পুত্র/কন্যার বিবাহে সহায়তা

১০,০০০ টাকা হারে (সর্বাধিক দুই বার)

#### ৮। নথিভুক্ত শ্রমিক বা তাঁর স্ত্রীর ক্ষেত্রে মাতৃত্বকালীন সহায়তা

৬০০০ টাকা হারে (সর্বাধিক দুইবার)

#### ৯। প্রকল্পে নাম নথিভুক্ত করার শর্তাবলী

- ৩০ টাকা রেজিস্ট্রেশন ফি
- ৩ কপি ছবি ও সচিত্র পরিচয়পত্র
- বয়সের প্রমাণ পত্র
- ড্রাইভিং লাইসেন্সের (ড্রাইভারদের ক্ষেত্রে)

### বিশদ জানতে যোগাযোগ করুন

কলকাতায় - ডেপুটি লেবার কমিশনার, ৬ নং চার্চ লেন, ৩য় তল, কলকাতা-১, ফোন - ২২৪৮ ৫৭২১

রুক স্তরে - বিডিও দপ্তর / শ্রম কল্যাণ সহায়তা কেন্দ্র

জেলা/মহকুমা স্তরে - ডেপুটি / অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারের দপ্তর

